14/6/23

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 4th Semester Examination, 2023

## DSC1/2-P4-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোন *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) উনিশ শতকের তিনজন মহাকবির নাম ও তাদের একটি করে কাব্যের নাম লেখ। এদের মধ্যে প্রকৃত মহাকবি কাকে বলা হয় ?

(খ) 'জীবনদেবতা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থে প্রথম প্রকাশিত হয় ? জীবনদেবতা বলতে কাকে বোঝানো হয়েছে ?

(গ) 'আবার আসিব ফিরে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ? কবি কোন্ কোন্ রূপে ফিরে আসতে চান ?

(ঘ) 'ফ্যান' কবিতাটি কার লেখা ? কোন্ পরিস্থিতিকে কেন্দ্র করে এই কবিতাটি লেখা ?

(ঙ) 'যেতে নাহি দিব' কবিতায় কে যেতে চান,, আর তাঁকে কে যেতে দিতে চায় না ? তার বয়স কত ? .

(চ) 'শাশ্বতী' কবিতায় শাশ্বতী শব্দের তাৎপর্য কী বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত যে-কোন *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) আধুনিক কবিতার বিশিষ্টতাগুলি লেখ।

(খ) 'যেতে নাহি দিব' কবিতায়-যে মর্ত্যচেতনার সুর ব্যক্ত হয়েছে তা নিজের ভাষায় লেখ।

(গ) 'শাশ্বতী' কবিতায় সুধীন্দ্রনাথের প্রেমচেতনা যেভাবে ব্যক্ত হয়েছে — তা নিজের ভাষায় লেখ।

(ঘ) জীবনানন্দ দাশের 'আবার আসিব ফিরে' কবিতায় প্রকৃতিচেতনা কিভাবে প্রকাশিত হয়েছে —তা লেখ।

(ঙ) 'নিরুদ্দেশ যাত্রা' কবিতার মধ্য দিয়ে কবি কোথায় যাত্রা করেছেন ? তার যাত্রার উদ্দেশ্য কী ?

(চ) 'তোমাকে পাবার জন্য হে স্বাধীনতা' কবিতায় কবির স্বাধীনতার আকাঙ্খা বাংলাদেশের যুবসমাজের আকাঙ্খা রূপে কিভাবে প্রকাশিত হয়েছে — কবিতাটি অবলম্বনে বুঝিয়ে দাও।

৩। নিম্নলিখিত যে-কোন *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'ফ্যান' কবিতাটির মধ্য দিয়ে বাংলার আর্থসামাজিক দৃশ্য ও মানবজীবন যেভাবে চিত্রিত হয়েছে, তার বিস্তারিত ব্যাখ্যা কর।

(খ) 'সবুজের অভিযান' কবিতাটির মধ্য দিয়ে যে নবজীবনের নবযৌবনের জয়গান গেয়েছেন কবি — তা ব্যাখ্যাসহকারে বুঝিয়ে দাও।

(গ) 'ওরা কাজ করে' কবিতায় কাদের কথা বলা হয়েছে ? সভ্যতা সৃজনে তারা কিভাবে আবশ্যিক-- পঠিত কবিতাটির মাধ্যমে সেটি বুঝিয়ে দাও।

(ঘ) উনিশ শতকের সূচনায় বাংলা মহাকাব্যের ধারা কিভাবে বাংলা সাহিত্যকে প্রভাবিত করেছে — তা বুঝিয়ে দাও।

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 4th Semester Examination, 2023

## SEC1-P2-BENGALI

**OLD SYLLABUS** [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ছোটগল্প কাকে বলে ? ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) ছোটগল্পের বিষয়বস্তুর বৈচিত্র্য সম্পর্কে সংক্ষেপে লেখো।

(গ) কাব্যসৌন্দর্য বলতে কী বোঝো ? কাব্যসৌন্দর্য বিচারে কোন্ কোন্ বিষয়ের উপর লক্ষ্য রাখতে হয় ?

(ঘ) তাৎক্ষণিক বক্তব্য বলতে কী বোঝো ?

(ঙ) তাৎক্ষণিক বক্তব্য রচনার জন্য কোন্ কোন্ বিষয় লক্ষ্য রাখা জরুরি ?

(চ) সংলাপ কাকে বলে ? সংলাপ রচনার কি নির্দিষ্ট কোনো বিষয় আছে — সে বিষয়ে নিজের অভিমত জানাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছোটগল্পের শুরু ও শেষ কেমন হওয়া উচিত ? এ বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের অভিমত কী ?

(খ) ছোটগল্পের আয়তন বিষয়ে সমালোচকদের মন্তব্যসহ নিজস্ব অভিমত ব্যক্ত করো।

(গ) তাৎক্ষণিক বক্তব্যের সীমাবদ্ধতাগুলি উল্লেখ করে পর্যালোচনা করো।

(ঘ) কাব্যসৌন্দর্য বিচারের প্রয়োজনীয়তা কোথায় ?

(ঙ) চিত্রধর্মীতা বলতে কী বোঝো ? কাব্যসৌন্দর্য সৃষ্টিতে চিত্রধর্মীতার গুরুত্ব বুঝিয়ে দাও।

(চ) কাব্যসৌন্দর্য বিচারের ক্ষেত্রে ছন্দ, অলংকার ও শব্দ বিন্যাসের গুরুত্ব আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) তোমার দেখা কোনো একটি ঘটনাকে ভিত্তি করে একটি ছোটগল্প রচনা করো।

(খ) 'বেকার সমস্যা' শিরোনামে একটি ছোটগল্প রচনা করো।

(গ) তোমার মহাবিদ্যালয়ে রক্তদান শিবিরের উদ্দেশ্যে আয়োজিত একটি অনুষ্ঠানের জন্য তাৎক্ষণিক বক্তব্য রচনা করো।

(ঘ) তোমার স্কুল জীবনে পাঠ্য যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

——×——



Maynaguri College Library

4th Sem - 2023 - June to July
SEC1-P2

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 4th Semester Examination, 2023

## SEC1-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ছোটোগল্প বলতে কী বোঝো ?

(খ) ছোটোগল্প রচনার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(গ) ছোটোগল্প রচনার মূল উপজীব্য আলোচনা করো।

(ঘ) তাৎক্ষণিক বক্তৃতা গঠন বৈচিত্র্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের তিনটি ছোটোগল্পের নাম লেখো।

(চ) সংলাপ রচনার মূল তিনটি বৈশিষ্ট্য আলোচনা করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) মহাবিদ্যালয়ে রবীন্দ্রজয়ন্তী বিষয়ে একটি তাৎক্ষণিক বক্তব্য রচনা করো।

(খ) জীবনানন্দ দাশের কবিতায় ইতিহাসচেতনা কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো।

(গ) তোমার পঠিত যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

(ঘ) পণপ্রথা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুর 'বর্ষাযাপন' কবিতায় ছোটোগল্প সম্পর্কে কি বলেছেন ? ছোটোগল্পের চারটি বৈশিষ্ট্য আলোচনা করো উদাহরণসহ।

(চ) বর্তমান সময়ে পরিবেশ সচেতনতা বিষয়ে একটি খসড়া রচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাগিং বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক একটি সংলাপ রচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর-এর যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

(গ) বর্তমান সময়ে 'বেকার সমস্যা' — বিষয় অবলম্বনে একটি তাৎক্ষণিক বক্তব্য রচনা করো।

(ঘ) নিজের মতো বিষয় অবলম্বন করে একটি ছোটোগল্প রচনা করো।

——×——

Maynaguri College Library